গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাখাই, হবিগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৩৬৬৮.০০০.০৪.০২.২২-৯১৩ তারিখ: ১৪/১১/২০২২খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ (সংশোধিত ০৩ জুলাই ২০১৭) মোতাবেক লাখাই উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওর্য়াডে মহল্লাদার (গ্রামপুলিশ) এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে যোগ্যতা সম্পন্ন পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওর্য়াডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | ইউনিয়নের নাম | ওর্য়াড নং | শূন্যপদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| মহল্লাদার | ০১নং লাখাই ইউনিয়ন পরিষদ | ০৪ | ০১ (এক) জন | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| | | ০৮ | ০১ (এক) জন | | |
| | ০২নং মোড়াকরি ইউনিয়ন পরিষদ | ০১ | ০১ (এক) জন | | |
| | | ০৭ | ০১ (এক) জন | | |
| | ০৩নং মুড়িয়াউক ইউনিয়ন পরিষদ | ০৪ | ০১ (এক) জন | | |
| | | ০৭ | ০১ (এক) জন | | |
| | | ০৯ | ০১ (এক) জন | | |
| | ০৪নং বামৈ ইউনিয়ন পরিষদ | ০৫ | ০১ (এক) জন | | |
| | | ০৬ | ০১ (এক) জন | | |
| | ০৫নং করাব ইউনিয়ন পরিষদ | ০৬ | ০১ (এক) জন | | |
| | ০৬নং বুল্লা ইউনিয়ন পরিষদ | ০৯ | ০১ (এক) জন | | |

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০৮/১২/২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ কমিটি, লাখাই, হবিগঞ্জ বরাবরে সরাসরি বা ডাকযোগে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওর্য়াডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২. প্রার্থীর বয়স আবেদনের তারিখে ১৮ হতে ৩০ বছর ও মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ১৮ হতে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমাণের ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে।

৩. প্রার্থীর শারিরীক যোগ্যতা:

ক) উচ্চতা- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৫ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৫ফুট।

খ) বুকের মাপ- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ইঞ্চি (সম্প্রসারণ)

গ) ওজন- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৫০ কেজি, মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ৪৫ কেজি।

৪. প্রার্থীকে (ক) নাম (খ) মাতার নাম (গ) পিতা/স্বামীর নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শারিরীক যোগ্যতার পরিমাপ ( ওজন, উচ্চতা ও বুকের মাপ) (ট) মোবাইল নম্বর (ঠ) এনআইডি নম্বর (যদি থাকে) (ড) অভিজ্ঞতা ( যদি থাকে) উল্লেখসহ স্ব-হস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে। খামের উপরে ওর্য়াড ও ইউনিয়নের নাম এবং কোন বিশেষ কোটা থাকলে তা উল্লেখ করতে হবে।

৫. আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি।

খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

গ) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) অনলাইন জন্ম নিবন্ধন কপি।

ঙ) ভোটার আইডি কার্ডের (যদি থাকে) সত্যায়িত কপি।

চ) বিশেষ কোটার স্বপক্ষে প্রমানাদির সত্যায়িত কপি।

ছ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত।

চলমান পাতা ০২

CamScanner
CamScanner

জ) নিজ ঠিকানা উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত একটি ফেরত খাম।

৬. বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনের সাথে পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ( উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা ( নাম, পদবীর সীল স্বাক্ষরসহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের (গ্রামপুলিশের) পুত্র,কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৮. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯. ত্রুটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

১০.পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১১.নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

14.11.2022

(মো: শরীফ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ কমিটি
লাখাই, হবিগঞ্জ।
ফোন নং-০২-৯৯৬৬০৮৭৭৫
Email:unolakhai11@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৩৬৬৮.০০০.০৪.০২.২২-৯১৩(৪০) তারিখ: ১৪/১১/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. জেলা প্রশাসক, হবিগঞ্জ

৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাখাই, হবিগঞ্জ

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

৫. সহকারী কমিশনার (ভূমি), লাখাই, হবিগঞ্জ

৬. উপজেলা-------------------------------কর্মকর্তা (সকল), লাখাই, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

৭. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লাখাই, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে আপলোড করার অনুরোধসহ)

৮. অফিসার ইনচার্জ, লাখাই থানা, লাখাই, হবিগঞ্জ

৯. চেয়ারম্যান------------------------ইউপি(সকল), লাখাই, হবিগঞ্জ ( ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওর্য়াডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট বাজারের দর্শনীয় স্থানে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)

১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস বামৈ/ বুল্লা, লাখাই, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১১. সভাপতি/ সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, লাখাই, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১২ জনাব-------------------------------------------লাখাই, হবিগঞ্জ

১৩. অফিস কপি/ মাস্টার কপি

১৪. নোটিশ বোর্ড

14.11.2022

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ কমিটি
লাখাই, হবিগঞ্জ।

CamScanner
CamScanner